# 2018

# HISTORY

**Time – 3 Hours 15 Minutes**

*(First 15 minutes for reading the question paper only)*

**Full Marks – 90** For Regular Candidates

**Full Marks – 100** For External Candidates

*Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

| |
|---|
| কেবল ২০১৮ সালের প্রথম পরীক্ষার্থী এবং ২০১৭ সালের প্রথমবার পরীক্ষায় অকৃতকার্য (কন্টিনিউয়িং, কম্পার্টমেন্টাল, বহিরাগত কম্পার্টমেন্টাল ও ই.ডব্লু.) পরীক্ষার্থীদের জন্য। |

## (নতুন পাঠক্রম)

### বিভাগ 'ক'

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ : ১×২০=২০

১.১ 'জীবনের ঝরাপাতা' গ্রন্থটি হল একটি —

(ক) উপন্যাস (খ) কাব্যগ্রন্থ

(গ) জীবনীগ্রন্থ (ঘ) আত্মজীবনী

১.২ 'সোমপ্রকাশ' ছিল একটি —

(ক) দৈনিক পত্রিকা (খ) সাপ্তাহিক পত্রিকা

(গ) পাক্ষিক পত্রিকা (ঘ) মাসিক পত্রিকা

[Turn over

১.৩ 'নীলদর্পণ' নাটকের ইংরেজি অনুবাদের প্রকাশক ছিলেন —

(ক) কালীপ্রসন্ন সিংহ

(খ) মাইকেল মধুসূদন দত্ত

(গ) হরিশচন্দ্র মুখোপাধ্যায়

(ঘ) রেভাঃ জেমস লঙ

১.৪ সতীদাহ প্রথা রদ হয় —

(ক) ১৮২৮ খ্রিষ্টাব্দে (খ) ১৮২৯ খ্রিষ্টাব্দে

(গ) ১৮৩০ খ্রিষ্টাব্দে (ঘ) ১৮৫৬ খ্রিষ্টাব্দে

১.৫ সর্বধর্ম সমন্বয়ের আদর্শ প্রচার করেছিলেন —

(ক) বিজয়কৃষ্ণ গোস্বামী (খ) স্বামী বিবেকানন্দ

(গ) শ্রীরামকৃষ্ণ (ঘ) কেশবচন্দ্র সেন

১.৬ কোল বিদ্রোহ (১৮৩১-৩২) অনুষ্ঠিত হয়েছিল —

(ক) মেদিনীপুরে (খ) ঝাড়গ্রামে

(গ) ছোটনাগপুরে (ঘ) রাঁচিতে

১.৭ ভারতে প্রথম অরণ্য আইন পাশ হয় —

(ক) ১৮৫৯ খ্রিষ্টাব্দে (খ) ১৮৬০ খ্রিষ্টাব্দে

(গ) ১৮৬৫ খ্রিষ্টাব্দে (ঘ) ১৮৭৮ খ্রিষ্টাব্দে

১.৮ ১৮৫৭ খ্রিষ্টাব্দের বিদ্রোহকে ভারতের প্রথম স্বাধীনতার যুদ্ধ বলেছেন —

(ক) রমেশচন্দ্র মজুমদার

(খ) সুরেন্দ্রনাথ সেন

(গ) বিনায়ক দামোদর সাভারকার

(ঘ) দাদাভাই নৌরজী

১.৯ ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানীর অবসান ঘটে —

(ক) ১৮৫৭ খ্রিষ্টাব্দে (খ) ১৮৫৮ খ্রিষ্টাব্দে

(গ) ১৯১৯ খ্রিষ্টাব্দে (ঘ) ১৯৪৭ খ্রিষ্টাব্দে

১.১০ ভারতসভার প্রথম সভাপতি ছিলেন —

(ক) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

(খ) আনন্দমোহন বসু

(গ) রেভাঃ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়

(ঘ) শিবনাথ শাস্ত্রী

১.১১ বাংলা ভাষায় প্রথম ছাপা বই হল —

(ক) বর্ণপরিচয়

(খ) এ গ্রামার অব দি বেঙ্গল ল্যাঙ্গোয়েজ

(গ) মঙ্গাল সমাচার মতিয়ের

(ঘ) অন্নদা মঙ্গাল

১.১২ 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দ্য কাল্টিভেশন অব সায়েন্স'-এর যে বিজ্ঞানী নোবেল পুরস্কার পেয়েছিলেন —

(ক) জগদীশচন্দ্র বসু (খ) সি. ভি. রামণ

(গ) প্রফুল্লচন্দ্র রায় (ঘ) সত্যেন্দ্রনাথ বসু

১.১৩ বয়কট আন্দোলনের ফলে অর্থনৈতিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হয়েছিল —

(ক) বাংলার কৃষক শ্রেণি (খ) মধ্যবিত্ত শ্রেণি

(গ) জমিদার শ্রেণি (ঘ) ছাত্র সমাজ

১.১৪ বাবা রামচন্দ্র কৃষক আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন —

(ক) বিহারে (খ) যুক্ত প্রদেশে

(গ) রাজস্থানে (ঘ) মহারাষ্ট্রে

১.১৫ রম্পা উপজাতীয় বিদ্রোহ সংঘটিত হয় —

(ক) মালাবার অঞ্চলে

(খ) কোঙ্কণ উপকূলে

(গ) উড়িষ্যায়

(ঘ) গোদাবরী উপত্যকায়

১.১৬ 'নারী কর্ম মন্দির' প্রতিষ্ঠা করেছিলেন —

(ক) ঊর্মিলা দেবী (খ) বাসন্তী দেবী

(গ) কল্পনা দত্ত (ঘ) লীলা রায় (নাগ)

১.১৭ সূর্যসেন প্রতিষ্ঠিত বিপ্লবীদলের নাম ছিল —

(ক) অনুশীলন সমিতি

(খ) গদর দল

(গ) ইন্ডিয়ান রিপাবলিক্যান আর্মি

(ঘ) বেঙ্গল ভলান্টিয়ার্স

১.১৮ দলিতদের 'হরিজন' আখ্যা দিয়েছিলেন —

(ক) জ্যোতিবা ফুলে (খ) নারায়ণ গুরু

(গ) গান্ধিজি (ঘ) ড: আম্বেদকর

১.১৯ স্বতন্ত্র ভাষাভিত্তিক অন্ধ্রপ্রদেশ গঠিত হয় —

(ক) ১৯৪৭ খ্রিস্টাব্দে (খ) ১৯৫০ খ্রিস্টাব্দে

(গ) ১৯৫৩ খ্রিস্টাব্দে (ঘ) ১৯৫৫ খ্রিস্টাব্দে

১.২০ গোয়া ভারতভুক্ত হয় —

(ক) ১৯৪৭ খ্রিস্টাব্দে (খ) ১৯৫৬ খ্রিস্টাব্দে

(গ) ১৯৬১ খ্রিস্টাব্দে (ঘ) ১৯৭১ খ্রিস্টাব্দে

## বিভাগ 'খ'

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **১টি** করে মোট **১৬টি** প্রশ্নের উত্তর দাও) : ১×১৬=১৬

### উপবিভাগ : ২.১

**একটি** বাক্যে উত্তর দাও : ১×৪=৪

(২.১.১) 'ভারতমাতা' চিত্রটি কোন ঐতিহাসিক ঘটনার পটভূমিকায় অঙ্কিত ?

(২.১.২) নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস (১৯২০) কোথায় প্রতিষ্ঠিত হয় ?

(২.১.৩) ফরোয়ার্ড ব্লক কোন বছর প্রতিষ্ঠিত হয় ?

(২.১.৪) মতুয়া সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে ?

### উপবিভাগ : ২.২

সত্য বা **মিথ্যা** নির্ণয় কর : ১×৪=৪

(২.২.১) মধ্যবিত্ত শিক্ষিত বাঙালীকে নৃত্যের বিষয়ে আগ্রহী করে তুলেছিলেন উদয়শংকর ।

(২.২.২) ভারত সভা ইলবার্ট বিলের বিরোধিতা করেছিল ।

(২.২.৩) ফরাজী একটি প্রাচীন উপজাতির নাম ।

(২.২.৪) বাংলায় লাইনো টাইপ প্রবর্তন করেন বিদ্যাসাগর ।

### উপবিভাগ : ২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও : ১×৪=৪

| | 'ক' স্তম্ভ | | 'খ' স্তম্ভ |
|---|---|---|---|
| (২.৩.১) | জওহরলাল নেহেরু | (১) | অসহযোগ আন্দোলন |
| (২.৩.২) | বীরেন্দ্রনাথ শাসমল | (২) | পুণা চুক্তি (১৯৩২) |
| (২.৩.৩) | কালীপ্রসন্ন সিংহ | (৩) | "লেটারস ফ্রম এ ফাদার টু হিজ ডটার" |
| (২.৩.৪) | ডঃ আম্বেদকর | (৪) | হুতোম প্যাঁচার নকশা |

## উপবিভাগ : ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত ও নামাঙ্কিত কর : ১×৪=৪

(২.৪.১) চুয়াড় বিদ্রোহের এলাকা

(২.৪.২) মুণ্ডা বিদ্রোহের এলাকা

(২.৪.৩) মহাবিদ্রোহের (১৮৫৭) কেন্দ্র ঝাঁসি

(২.৪.৪) দেশীয় রাজ্য জুনাগড়

অথবা

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

শূন্যস্থান পূরণ কর : ১×৪=৪

(২.৪.১) ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল ________ খ্রিষ্টাব্দে ।

(২.৪.২) ________ ছিলেন বারাসাত বিদ্রোহের নেতা ।

(২.৪.৩) প্রফুল্লচন্দ্র রায় ছিলেন ______ শাস্ত্রের অধ্যাপক ।

(২.৪.৪) "মাস্টারদা" বলা হত ________ কে ।

## উপবিভাগ : ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যা নির্বাচন কর : ১×৪=৪

(২.৫.১) বিবৃতি : উনিশ শতকে বাংলার নবজাগরণের ব্যাপ্তি ছিল খুবই সীমিত ।

ব্যাখ্যা ১ : কারণ শুধুমাত্র গ্রাম বাংলায় নবজাগরণ হয়েছিল ।

ব্যাখ্যা ২ : কারণ এই নবজাগরণ সীমিত ছিল শুধুমাত্র সাহিত্যের ক্ষেত্রে ।

ব্যাখ্যা ৩ : কারণ এই নবজাগরণ শুধুমাত্র পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত প্রগতিশীল সমাজের মধ্যে সীমিত ছিল ।

(২.৫.২) বিবৃতি : ১৮৭২ খ্রিস্টাব্দে ইংরেজ সরকার 'তিন আইন' পাশ করে ।

ব্যাখ্যা ১ : এই আইন প্রণয়নের উদ্দেশ্য ছিল হিন্দু-মুসলমান-খ্রিস্টান সমাজকে ঐক্যবদ্ধ করা ।

ব্যাখ্যা ২ : এই আইন প্রণয়নের উদ্দেশ্য ছিল জনগণের অর্থনৈতিক-সামাজিক-সাংস্কৃতিক উন্নতি সাধন করা ।

ব্যাখ্যা ৩ : এই আইন প্রণয়নের উদ্দেশ্য ছিল বাল্যবিবাহ ও বহুবিবাহ নিষিদ্ধ করা এবং বিধবা বিবাহ আইনসিদ্ধ করা ।

(২.৫.৩) বিবৃতি : রবীন্দ্রনাথ ঔপনিবেশিক শিক্ষা-ব্যবস্থা পছন্দ করতেন না ।

ব্যাখ্যা ১ : কারণ, এই শিক্ষাব্যবস্থা ছিল ব্যয়সাপেক্ষ ।

ব্যাখ্যা ২ : কারণ, এই শিক্ষাব্যবস্থার মাধ্যম ছিল মাতৃভাষা ।

ব্যাখ্যা ৩ : কারণ, এই শিক্ষাব্যবস্থা শিক্ষার্থীদের মনের বিকাশ ঘটাত না ।

(২.৫.৪) বিবৃতি : সরলাদেবী চৌধুরানী লক্ষ্মীর ভাণ্ডার প্রতিষ্ঠা করেছিলেন ।

ব্যাখ্যা ১ : বিদেশী পণ্য বিক্রির জন্য ।

ব্যাখ্যা ২ : আন্দোলনকারী মহিলাদের সাহায্যের জন্য ।

ব্যাখ্যা ৩ : স্বদেশী পণ্য বিক্রির জন্য ।

## বিভাগ 'গ'

৩। **দু'টি** অথবা **তিনটি** বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো **১১টি**) : ২×১১=২২

৩.১ পরিবেশের ইতিহাসের গুরুত্ব কী ?

৩.২ স্মৃতিকথা অথবা আত্মজীবনীকে কীভাবে আধুনিক ভারতের ইতিহাস চর্চার উপাদানরূপে ব্যবহার করা হয় ?

৩.৩ 'মেকলে মিনিট' কী ?

৩.৪ সমাজ সংস্কারে নব্যবঙ্গদের ভূমিকা কী ছিল ?

৩.৫ দুদু মিঞা স্মরণীয় কেন ?

৩.৬ নীল বিদ্রোহে হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়ের ভূমিকা কীরূপ ছিল ?

৩.৭ "মহারাণীর ঘোষণাপত্রে"র (১৮৫৮) মূল উদ্দেশ্য কী ছিল ?

৩.৮ ব্যঙ্গচিত্র কেন আঁকা হয় ?

৩.৯ বাংলার ছাপাখানার বিকাশে পঞ্চানন কর্মকারের ভূমিকা কী ছিল ?

৩.১০ বাংলার মুদ্রণের ইতিহাসে বটতলা প্রকাশনার গুরুত্ব কী ?

৩.১১ 'একা' আন্দোলন শুরু হয় কেন ?

৩.১২ বারদৌলি সত্যাগ্রহ আন্দোলন কেন শুরু হয় ?

৩.১৩ অ্যান্টি সার্কুলার সোসাইটি কেন প্রতিষ্ঠিত হয় ?

৩.১৪ দীপালি সঙ্ঘ কেন প্রতিষ্ঠিত হয় ?

৩.১৫ কী পরিস্থিতিতে কাশ্মীরের রাজা হরি সিং ভারতভুক্তির দলিলে স্বাক্ষর করেন ?

৩.১৬ রাজ্য পুনর্গঠন কমিশন (১৯৫৩) কেন গঠিত হয়েছিল ?

## বিভাগ 'ঘ'

৪। **সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।** (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **১টি করে মোট ৬টি প্রশ্নের** উত্তর দিতে হবে) : ৪×৬=২৪

### উপবিভাগ : ঘ.১

৪.১ "হুতোম পেঁচার নকশা" গ্রন্থে ঊনিশ শতকের বাংলার কীরূপ সমাজ চিত্র পাওয়া যায় ?

৪.২ এদেশের চিকিৎসা-বিদ্যার ক্ষেত্রে কলিকাতা মেডিক্যাল কলেজের কীরূপ ভূমিকা ছিল ?

### উপবিভাগ : ঘ.২

৪.৩ কী উদ্দেশ্যে ঔপনিবেশিক সরকার অরণ্য আইন প্রণয়ন করেন ?

৪.৪ ১৮৫৭ -এর মহাবিদ্রোহকে কি সামন্ত-শ্রেণীর বিদ্রোহ বলা যায় ?

### উপবিভাগ : ঘ.৩

৪.৫ বাংলায় মুদ্রণ শিল্পের বিকাশে গঙ্গাকিশোর ভট্টাচার্যের কীরূপ অবদান ছিল ?

৪.৬ শ্রীরামপুর মিশন প্রেস কীভাবে একটি অগ্রণী মুদ্রণ প্রতিষ্ঠানে পরিণত হ'ল ?

### উপবিভাগ : ঘ.৪

৪.৭ সংক্ষিপ্ত টীকা লেখ : দেশ বিভাগ (১৯৪৭) জনিত উদ্বাস্তু সমস্যা।

৪.৮ হায়দ্রাবাদ রাজ্যটি কীভাবে ভারতভুক্ত হয়েছিল ?

## বিভাগ 'ঙ'

৫। **পনেরো** বা **ষোলটি** বাক্যে যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

৫.১ উনিশ শতকের বাংলায় সমাজ সংস্কার আন্দোলনে ব্রাহ্মসমাজগুলির কীরূপ ভূমিকা ছিল ?

৫.২ মানুষ, প্রকৃতি ও শিক্ষার সমন্বয় বিষয়ে রবীন্দ্রনাথের চিন্তার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

৫.৩ বিংশ শতকের ভারতে উপনিবেশ বিরোধী আন্দোলনে বামপন্থীদের ভূমিকা আলোচনা কর ।

## (কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

## বিভাগ 'চ'

৬.১ একটি পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো ৪টি) : ১×৪=৪

৬.১.১ আত্মীয় সভা কে প্রতিষ্ঠা করেন ?

৬.১.২ 'হুল' শব্দের অর্থ কি ?

৬.১.৩ ভারত সভার একজন প্রতিষ্ঠাতার নাম লেখ ।

৬.১.৪ 'বসু বিজ্ঞান মন্দির' কে প্রতিষ্ঠা করেন ?

৬.১.৫ কে 'সর্দার' উপাধিতে ভূষিত হন ?

৬.১.৬ 'গান্ধিবুড়ি' কাকে বলা হয় ?

৬.২ **দু'টি** বা **তিনটি** বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো ৩টি) : ৩×২=৬

৬.২.১ মধুসূদন গুপ্ত স্মরণীয় কেন ?

৬.২.২ কোল বিদ্রোহের (১৮৩১-৩২) কারণ কি ?

৬.২.৩ 'হিন্দু মেলা' প্রতিষ্ঠার দুটি উদ্দেশ্য লেখ ।

৬.২.৪ মোপলা বিদ্রোহ কেন হয়েছিল ?

৬.২.৫ প্রীতিলতা ওয়াদ্দেদার স্মরণীয় কেন ?